গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি(বিএম/বিএমটি), এইচএসসি(ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স এবং আলিম পরীক্ষা- ২০২৬ সুষ্ঠু, সুশৃঙ্খল ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি	:	**মো: মঈন উদ্দিন** উপজেলা নির্বাহী অফিসার লামা, বান্দরবান পার্বত্য জেলা
সভার তারিখ ও সময়	:	২২ জুন ২০২৬; দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান	:	লামা উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) সদয় দ্রষ্টব্য

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। আগামী ০২ জুলাই ২০২৬ তারিখ হতে সারাদেশব্যাপী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত ২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও আলিম পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে। বোর্ড কর্তৃক প্রণীত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও আলিম পরীক্ষা পরিচালনার সংক্রান্ত নীতিমালা এবং পরিপত্র/বিশেষ নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। অত:পরত বোর্ড কর্তৃক প্রণীত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও আলিম পরীক্ষা পরিচালনার সংক্রান্ত নীতিমালা-২০২৬ যথাযথভাবে অনুসরণের বিষয়ে বিস্তারিত আলোচনাপূর্বক লামা উপজেলার দুইটি (০২) কেন্দ্রে (কেন্দ্র নাম- সরকারি মাতামুহুরী কলেজ-২৯১ এবং সরকারি মাতামুহুরী কলেজ-৭৩০০৩) সুষ্ঠু, সুশৃঙ্খল ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. ট্যাগ অফিসার নিয়োগ সংক্রান্ত:

উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়োগপ্রাপ্ত ট্যাগ অফিসার তার মোবাইল নম্বর (হোয়াইটস অ্যাপ) সবসময় খোলা রাখবেন এবং থানা হতে প্রশ্নপত্র গ্রহণের সময় অবশ্যই নিয়োগপত্রের মূল কপিসহ উপস্থিত থাকবেন। পরীক্ষা শুরু হওয়ার আগে নির্দিষ্ট সময়ে থানা হতে প্রশ্নপত্র গ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার, লামা কে রিপোর্ট করবেন।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, লামা এবং নিয়োগপ্রাপ্ত ট্যাগ অফিসার

২. কক্ষ পর্যবেক্ষক নিয়োগ:

পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতি ভেন্যুর জন্য একজন হল সুপার এবং বিভিন্ন পরীক্ষা কক্ষে পরীক্ষা পরিচালনার নিমিত্তে প্রতি ২০ (বিশ) জন পরীক্ষার্থীর জন্য একজন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষককে পর্যবেক্ষক নিয়োগ করবেন। কোন কক্ষ পরিদর্শক নিজ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত কক্ষে কক্ষ পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। যে বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে সে বিষয়ের কোন শিক্ষক কক্ষ পরিদর্শক দায়িত্ব পালন করতে পারবেন না। পরীক্ষা কক্ষে প্রবেশের পূর্বেই পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কক্ষ পরিদর্শক, দপ্তরীসহ সংশ্লিষ্ট সবার জন্য নির্ধারিত পরিচয়পত্র সরবরাহ ও ব্যবহারের বিষয়টি নিশ্চিত করবেন। কক্ষ পরিদর্শকগণ নিজেদের সাথে থাকা কোন মোবাইল ফোন, ব্যাগ পরীক্ষা কক্ষে সাথে করে নিয়ে যেতে পারবেন না। পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করবেন।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, লামা ; কেন্দ্র সচিব, সরকারি মাতামুহুরী কলেজ এবং নিয়োগপ্রাপ্ত ট্যাগ অফিসার (ভারপ্রাপ্ত কর্মকর্তা)

৩. কেন্দ্রের আইন-শৃঙ্খলা:

পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ স্মার্ট ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে অনুমোদনবিহীন যেকোন ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে। নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষনিক আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পরীক্ষা শুরুর পূর্বে নির্ধারিত স্থানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ফৌ: কা: বি. ১৪৪ ধারা জারি বিষয়টি মাইকযোগে কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় ব্যাপকভাবে প্রচার করতে হবে।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, লামা; অফিসার ইনচার্জ, লামা থানা; সহকারী তথ্য অফিসার, তথ্য অফিস, লামা এবং কেন্দ্র সচিব, সরকারি মাতামুহুরী কলেজ।

৪. পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ চালু রাখা:

২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও আলিম পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার সময় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ, লামা

৫. মেডিকেল টিম গঠন:

২০২৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স ও আলিম পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের জন্য আবশ্যিকভাবে মেডিকেল টিম গঠন করতে হবে। মেডিকেল টিম গঠনের সময় একজন মহিলা ডাক্তার আবশ্যিকভাবে থাকতে হবে।

বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লামা

৬. পোস্ট অফিস খোলা রাখা:

পরীক্ষার উত্তরপত্র বোর্ডে প্রেরণের লক্ষ্যে স্থানীয় পোস্ট অফিসের কাউন্টার খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। সাব ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল বিষয়টি নিশ্চিতকরার জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: সাব ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, লামা

৭. স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ সংক্রান্ত:

পরীক্ষার কেন্দ্রে পরীক্ষার্থীদের জন্য পর্যাপ্ত টয়লেটের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়া টয়লেটগুলো নিয়মিত পরিষ্কার রাখতে হবে এবং বহিরাগত কেউ যেন টয়লেটে ঢুকে বই, খাতা ইত্যাদি রাখতে না পারে তা নিশ্চিত করতে হবে। পরীক্ষাদের জন্য নিরাপদ পানি পানের ব্যবস্থা রাখতে হবে।

বাস্তবায়নে: কেন্দ্র সচিব,সরকারি মাতামুহুরী কলেজ

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৬/২৬

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
E-mail- unolama@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০৩.২৬. ২০৬ তারিখ: ২২ জুন ২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বান্দরবান পার্বত্য জেলা
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ, লামা
০৪. প্রশাসক, লামা পৌরসভা, লামা
০৫. সহকারী কমিশনার (ভূমি), লামা
০৬. অফিসার ইনচার্জ, লামা থানা
০৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাকর্মকর্তা, লামা
০৮. কেন্দ্র সচিব, সরকারি মাতামুহুরী কলেজ, লামা
০৯. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লামা
১০. আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ, লামা
১১. সহকারী তথ্য অফিসার, লামা
১২. সাব ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, লামা
১৩. অফিস কপি

২২/০৬/২৬

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩০ তারিখ : ২৮/০৬/২০২৬ খ্রি.

ফৌজদারী কার্যবিধি ১৪৪ ধারা জারি

২০২৬ সালের আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষা আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার হতে সরকারি মাতামুহুরী কলেজ, লামা কেন্দ্রে অনুষ্ঠিত হতে যাচ্ছে। যেহেতু উক্ত পরীক্ষা কেন্দ্রে এর চতুর্দিকে জনসমাগম হলে শান্তি-শৃংখলা ভঙ্গ হতে পারে মর্মে আশঙ্কা রয়েছে;

সেহেতু, আমি মো: মঈন উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লামা, বান্দরবান পার্বত্য জেলা ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারার বিধান অনুযায়ী আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার হতে পরীক্ষার জন্য নির্ধারিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা চলাকালীন প্রতিদিন পরীক্ষা শুরু হওয়ার ০১ (এক) ঘণ্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ০১ (এক) ঘণ্টা পর পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে ২০০ গজ এলাকার মধ্যে-

ক) সকল প্রকার সমাবেশ, আগ্নেয়াস্ত্র বহন ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম;

খ) পরীক্ষা কেন্দ্র এলাকার সীমানার মধ্যে ফটোকপি মেশিন বাধ্যতামূলকভাবে বন্ধ রাখার নির্দেশ জারি করলাম;

গ) সকল ধরনের শব্দ উৎপাদনকারী যন্ত্র বা মাইকের ব্যবহার নিষিদ্ধ ঘোষনা করলাম;

২। এ আদেশ পরীক্ষা কেন্দ্র সংলগ্ন সড়কে স্বাভাবিক নিয়মে চলাচলকারী যানবাহন, কেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও পরীক্ষা সংশ্লিষ্টদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

৩। আমার স্বাক্ষর ও সীলমোহরে এ আদেশ জারি করা হলো।

মোঃ মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩০ তারিখ : ২৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা	-	সদয় অবগতির জন্য
২। অফিসার ইনচার্জ, লামা থানা, বান্দরবান পার্বত্য জেলা	-	ফৌজদারী কার্যবিধি- ১৪৪ ধারা তামিল করা এবং লংঘনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো
৩। সহকারী কমিশনার (ভূমি), লামা, বান্দরবান পার্বত্য জেলা	-	অবগতির জন্য
৪। সহকারী তথ্য অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা	-	বিষয়টি বহুল প্রচার করে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো
৫। কেন্দ্র সচিব, সরকারি মাতামুহুরী কলেজ লামা, বান্দরবান পার্বত্য জেলা	-	লাল পতাকাদ্বারা পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে ২০০ গজ চিহ্নিত করে দেয়ার নির্দেশনা প্রদান করা হলো

উপজেলা নির্বাহী অফিসার
ও
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩১ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

বিষয়: পরীক্ষার কেন্দ্রে মেডিকেল টিম প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি) পরীক্ষার কেন্দ্র: সরকারি মাতামুহুরী কলেজ, লামা, বান্দরবান পার্বত্য জেলায় অনুষ্ঠিত হচ্ছে। উক্ত পরীক্ষাসমূহের সময়সূচি অনুযায়ী পরীক্ষার চলাকালীন সময়ে মেডিকেল টিম গঠন করে কেন্দ্রে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail : unolama@mopa.gov.bd

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩১ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
২. সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা
৩. কেন্দ্র সচিব/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি মাতামুহুরী কলেজ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩৪ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

বিষয়: পরীক্ষার চলাকালীন সময়ে লামা সাব পোস্ট অফিস খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি) পরীক্ষার কেন্দ্রঃ সরকারি মাতামুহুরী কলেজ, লামা, বান্দরবান পার্বত্য জেলায় অনুষ্ঠিত হচ্ছে। উক্ত পরীক্ষাসমূহের সময়সূচি অনুযায়ী পরীক্ষার চলাকালীন সময়ে সাব পোস্ট অফিস খোলা রেখে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail : unolama@mopa.gov.bd

সাব পোস্ট মাস্টার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩৩ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
২. পোস্ট মাস্টার, সরকারি ডাক বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা
৩. কেন্দ্র সচিব/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি মাতামুহুরী কলেজ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩৩ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

বিষয়: পরীক্ষার কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি) পরীক্ষার কেন্দ্র: সরকারি মাতামুহুরী কলেজ, লামা, বান্দরবান পার্বত্য জেলায় অনুষ্ঠিত হচ্ছে। উক্ত পরীক্ষাসমূহের সময়সূচি অনুযায়ী পরীক্ষার চলাকালীন সময়ে কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা করণে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৮/০৬/২৬

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail : unolama@mopa.gov.bd

আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩৩ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
২. নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা
৩. কেন্দ্র সচিব/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি মাতামুহুরী কলেজ
লামা, বান্দরবান পার্বত্য জেলা

২৮/০৬/২৬

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩২ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

বিষয়: পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০২ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম/বিএমটি) পরীক্ষার কেন্দ্র: সরকারি মাতামুহুরী কলেজ, লামা, বান্দরবান পার্বত্য জেলায় অনুষ্ঠিত হচ্ছে। উক্ত পরীক্ষাসমূহ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে সম্পাদনের লক্ষ্যে পরীক্ষার সময়সূচি অনুযায়ী পরীক্ষা চলাকালীন কেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৮/০৬/২৬

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
e-mail : unolama@mopa.gov.bd

অফিসার ইনচার্জ, লামা থানা
বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৯৩২ তারিখ: ২৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা
২. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
৩. কেন্দ্র সচিব/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সরকারি মাতামুহুরী কলেজ, লামা, বান্দরবান পার্বত্য জেলা
৪. অফিস কপি

২৮/০৬/২৬

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৮৫৫

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩ / ১৮ জুন ২০২৬

বিষয়: আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) ও আলিম পরীক্ষা- ২০২৬ উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি), এইচএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (বিএমটি) ও আলিম পরীক্ষা- ২০২৬ উপলক্ষ্যে প্রস্তুতিমূলক আগামী ২২/০৬/২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে।

০২। এমতাবস্থায়, উক্ত সভার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৮/০৬/২৬

মো: মঈন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা
E-mail:- unolama@mopa.gov.bd

প্রাপক.....
.....
.....
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর- ০৫.৪২.০৩৫১.০০০.২০৬.৩৭.০০০২.২৬.৮৫৫

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩ / ১৮ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
২। প্রশাসক, উপজেলা পরিষদ, লামা, বান্দরবান পার্বত্য জেলা
৩। সহকারী কমিশনার (ভূমি), লামা, বান্দরবান পার্বত্য জেলা
৪। অফিস কপি

১৮/০৬/২৬

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা